**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মাদকের অপব্যবহার, এইচআইভি/এইডস এবং বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকারের প্রয়াস অব্যাহত রয়েছে।**

**(২) আবগারি দপ্তরের অভিযানে গত ২৪ ঘন্টায় আসাম ও ত্রিপুরায় ৩০ কোটি ১৭ লক্ষ টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে।**

**(৩) সাইপ্রাস কানাডা ও ক্রোয়শিয়া সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে ফিরে এসেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল থেকে বিহার, ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশে দুই দিনের সফরে যাবেন ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ঐকতান যুব সংস্থা জয়লাভ করেছে ।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মাদকের অপব্যবহার, এইচআইভি/এইডস এবং বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকারের প্রয়াস অব্যাহত রয়েছে। আজ বিধানসভার লবিতে এইডস্ কন্ট্রোল সোসাইটির উদ্যোগে ত্রিপুরা লেজিসলেটিভ ফোরাম অন এইডস্' এর সদস্যদের উপস্থিতিতে এক সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, এই বিষয়গুলি শুধুমাত্র স্বাস্থ্যগত উদ্বেগ নয়, বরং বড় সামাজিক চ্যালেঞ্জও। মুখ্যমন্ত্রী বিদ্যালয়ের শিক্ষার্থীদের এইচআইভি/এইডস প্রতিরোধ সম্পর্কে সচেতন করতে শিক্ষক-শিক্ষিকাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন,

বর্তমানে রাজ্যে পাঁচ হাজারের বেশি এইডস রোগী রয়েছে। প্রতিমাসে একশো কুড়িজন এইচআইভি আক্রান্ত হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, মুখ্য সচেতক কল্যাণী রায়, সুদীপ রায় বর্মন, গোপাল রায়, বীরজিৎ সিনহা, রামপদ জমাতিয়া ও স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে।

*************************

**Customs :**

আবগারি দপ্তরের অভিযানে গত ২৪ ঘন্টায় আসাম ও ত্রিপুরায় ৩০ কোটি ১৭ লক্ষ টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে। আজ আবগারি দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, গতকাল মিজোরাম-শিলচর সড়কের পানিভোরা এলাকায় একটি গাড়িতে তল্লাশি করে ৮৮৫ দশমিক ৫৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে। যার বাজার মূল্য ২২ কোটি ১৫ লক্ষ টাকা। তাছাড়া কমলপুর-খোয়াই সড়কের বাচাইবাড়িতে এক বাইক চালককে আটক করে চার কোটি ২ হাজার টাকার মেথামফেটামিন বাজেয়াপ্ত করা হয়েছে। নরসিংগড়ের সিঙ্গারবিলে অভিযান চালিয়ে চার কিলো আমফেটামিন জাতীয় নেশার ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে।

***************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্য সরকার রাজ্যের সব অংশের মানুষের সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। আজ মুঙ্গিয়াকামী শক্তি কেন্দ্রে আয়োজিত বিজেপির কার্যকর্তা ও স্থানীয় জনগনের সঙ্গে বৈঠকে একথা বলেন। তিনি জানান মুঙ্গিয়াকামি ব্লকের অধীন ১৪টি এডিসি ভিলেজের অর্থনৈতিক উন্নয়নে রাবার চারা বিতরণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিটি গ্রামের ১০০ জন সুবিধাভোগীকে এই চারা প্রদান করা হবে।

******************************

**11 years NDA govt :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে বিগত এক দশকে ভারতে নিঃশব্দ ডিজিট্যাল বিপ্লব ঘটে গেছে। এই দশকে প্রযুক্তি, যোগাযোগ এবং উদ্ভাবনের মাধ্যমে প্রত্যেক ভারতীয় নাগরিক পেয়েছেন ক্ষমতায়নের স্বাদ। শুনুন একটি প্রতিবেদন।

########VC######

*****************************

**Minister Tinku Roy :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন NDA সরকারের ১১ বছর পুর্তি উপলক্ষে আজ কৈলাশহর মহকুমার রাংরুং পঞ্চায়েতের কালীশাসনে বিজেপি'র উদ্যোগে আজ চৌপাল বৈঠকে প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী টিংকু রায়। তিনি কেন্দ্রীয় সরকারের গত ১১ বছর শাসনকালে সেবা, সুশাসন ও গরীব কল্যাণে গৃহীত কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

**************************

**DAJBA-South :**

ধরতী আবা জনভাগিদারী অভিযানের অঙ্গ হিসাবে আজ দক্ষিন জেলার বকাফা ব্লকের গার্ধাং এসবি স্কুলে এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে স্থায়ী বসবাসের শংসাপত্র সহ বিভিন্ন শংসাপত্রের আবেদন গ্রহন, কৃষি দপ্তরের পক্ষ থেকে জৈব সার বিলি ও স্বাস্থ্য ও পশু চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, Croatia :**

সাইপ্রাস কানাডা ও ক্রোয়শিয়া সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে ফিরে এসেছেন। ভারত-ক্রোয়েশিয়ার মধ্যে ভারত-ই,ইউ মুক্ত বাণিজ্য চুক্তি সহ বিস্তৃত আলোচনা হয়েছে। ক্রোয়েশিয়া এফটিএ-র দ্রুত সমাপ্তির জন্য তার দৃঢ় সমর্থন পুনর্ব্যক্ত করেছে। ক্রোয়েশিয়া, কানাডা এবং সাইপ্রাস সফরের পর নতুনদিল্লিতে পৌঁছোনোর পথে প্রধানমন্ত্রী মোদী জাগ্রেবের বানস্কি ডভোরিতে ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্দ্রেজ প্লেনকোভিচের সঙ্গে বিস্তৃত প্রতিনিধি-স্তরের আলোচনা করেছেন।

কৃষি, সাংস্কৃতিক বিনিময়, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জাগরেবে হিন্দির একটি ICCR চেয়ার প্রতিষ্ঠার ক্ষেত্রে দুটি দেশ চারটি সমঝোতা স্মারক স্বাক্ষর করার সময় তারা বিশ্ব শান্তি, গণতান্ত্রিক মূল্যবোধ এবং সহযোগিতা সম্প্রসারণের প্রতি তাদের যৌথ প্রতিশ্রুতির উপর জোর দেয়। বৈঠকে প্রধানমন্ত্রী মোদী সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের পক্ষে জোরালোভাবে সমর্থন জানান। সন্ত্রাসবাদকে মানবতার শত্রু হিসেবে নিন্দা করে শ্রী মোদী সাম্প্রতিক পহেলগাম সন্ত্রাসী হামলার পর ভারতের সঙ্গে সংহতি প্রকাশের জন্য ক্রোয়েশিয়ান নেতৃত্ব এবং জনগণকে ধন্যবাদ জানান।

*****************************

**PM, visit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল থেকে বিহার, ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশে দুই দিনের সফরে যাবেন। সফরকালে, প্রধানমন্ত্রী বিহার এবং ওড়িশায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। আগামী ২১ তারিখে, প্রধানমন্ত্রী অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে ১১তম আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনে নেতৃত্ব দেবেন।

******************************

**###########Jinjle############**

**Yoga Package :**

এক বিশ্ব এক স্বাস্থ্যের জন্য যোগ এই ভাবনায় আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস পালিত হবে। এবারের এই বিষয়ের মাধ্যমে ব্যক্তিগত ও পরিবেশগত স্বাস্থ্য-দুইকেই একত্রে সুরক্ষিত ও সমৃদ্ধ করার বার্তা তুলে ধরা হয়েছে। যোগর গুরুত্ব নিয়ে একটি প্রতিবেদন।

##########VC########

*****************************

**Opposition Leader of TLA :**

সিপিআই(এম) এর উদ্যোগে আজ কৈলাশহরের গৌরনগর বাজারে এক জমায়েত অনুষ্ঠিত হয়। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দলের রাজ্য কমিটির সদস্য বিশ্বরূপ গোস্বামী, জেলা সম্পাদক কৃষ্ণেন্দু চৌধুরী, মহকুমা সম্পাদক অঞ্জন কুমার রায় প্রমুখ।

******************************

**Evacuation from Iran :**

আজ এক বিবৃতিতে, বিদেশ মন্ত্রক জানিয়েছে যে, ইসরায়েল ত্যাগ করতে ইচ্ছুক ভারতীয় নাগরিকদের স্থল সীমান্ত দিয়ে এবং তারপরে বিমানের মাধ্যমে ভারতে আসার সুবিধা দেওয়া হবে। মন্ত্রক আরও জানিয়েছে যে,

তেল আবিবে অবস্থিত ভারতীয় দূতাবাস তাদের সরিয়ে নেওয়ার ব্যবস্থা করবে এবং সমস্ত ভারতীয় নাগরিককে www.indembassyisrael.gov.in ওয়েবসাইটে নিজেদের নিবন্ধন করার জন্য অনুরোধ করেছে। তেল আবিবে অবস্থিত ভারতীয় দূতাবাসে চব্বিশ ঘন্টার জন্য একটি কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। উল্লেখ্য, ইরান ও ইসরায়েলের মধ্যে চলমান সংঘাতের কারণে পরিস্থিতির অবনতি ঘটতে থাকায় ভারত ইরান থেকে তার নাগরিকদের সরিয়ে নিতে অপারেশন সিন্ধু শুরু করেছে। ভারতীয় মিশনের সদস্যদের নিয়ে আরেকটি বিমান আজ পৌঁছোবে বলে আশা করা হচ্ছে। এর আগে, উত্তর ইরান থেকে সরিয়ে নেওয়া ১১০ জন ভারতীয় শিক্ষার্থী নতুনদিল্লিতে পৌঁছেছেন। বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং জানিয়েছেন আটকে পড়া ভারতীয়দের ফিরিয়ে আনতে আজ একটি বিমান তুর্কমেনিস্তানে যাচ্ছে।

#######Byte- Kirti Vardhan Singh#####

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

******************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ঐকতান যুব সংস্থা জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ঐকতান যুব সংস্থা ৪-২ গোলে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের গোমতী এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারি থেকে অতি ভারী বৃষ্টিপাত সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

******************************